DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 15 Jul 2026, 12:39 PM

সারাদেশ

# বঙ্গোপসাগরে লঘুচাপ: ৪ সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: বুধবার, ১৫ জুলাই ২০২৬, ০৩:৫২ PM



ছবি: সংগৃহীত

বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের কারণে চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলেছে আবহাওয়া অধিদপ্তর।

বুধবার (১৫ জুলাই) সকালে আবহাওয়াবিদ মো. ওমর ফারুক স্বাক্ষরিত এক আবহাওয়া সতর্কবার্তায় এই নির্দেশনা দেওয়া হয়।

লঘুচাপের প্রভাবে উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সব মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করার পরামর্শ দেওয়া হয়েছে।

আবহাওয়াবিদ বজলুর রশিদ জানান, এই লঘুচাপটি আরও ঘনীভূত হয়ে নিম্নচাপে পরিণত হওয়ার আশঙ্কা কম। তবে এর প্রভাবে আগামী

এক থেকে দুই দিন সারা দেশে বৃষ্টিপাত অব্যাহত থাকতে পারে, যার পর বৃষ্টির প্রবণতা আবার কমে আসবে।

---

## এ বিভাগের আরও খবর




**তুমি কে, আমি কে, ফার্মের মুরগি স্লোগানে মুখরিত বগুড়া**

দুর্যোগপূর্ণ পরিস্থিতির মধ্যে এইচএসসি পরীক্ষা নেওয়া, প্রশ্নের মান কঠিন হওয়া এবং পদার্থবিজ্ঞান পরীক্ষার আগে পর্যাপ্ত সময় না দেওয়ার অভিযোগে শ...



**এইচএসসি পরীক্ষা পেছানোর দাবিতে রাজশাহীতে বিক্ষোভ পরীক্ষার্থীদের**

বৈরী আবহাওয়ার কারণে এইচএসসি ও সমমানের পরীক্ষা পেছানোর দাবিতে রাজশাহী শিক্ষাবোর্ডে বিক্ষোভ করেছেন পরীক্ষার্থীরা। মঙ্গলবার (১৪ জুলাই) দুপ...



**ক্ষমা চেয়ে স্ট্যাটাস, কয়েক ঘণ্টা পর মিলল ছাত্রদল নেতার ঝুলন্ত লাশ**

ফেসবুকে ক্ষমা চেয়ে একটি স্ট্যাটাস দেওয়ার কয়েক ঘণ্টা পর ময়মনসিংহের ফুলপুর উপজেলার ছাত্রদলের এক নেতার ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।মঙ্গলবার...



**কক্সবাজারে বন্যায় নিহতের সংখ্যা বেড়ে ৩০, ক্ষতিগ্রস্ত ৬৯ ইউনিয়ন**

কক্সবাজারে দীর্ঘ ১০ দিন পর বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে। চকরিয়া, পেকুয়া, রামু, ঈদগাঁও ও কক্সবাজার সদর উপজেলা থেকে বন্যার পানি নামতে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/bnggopsagre-lghuchap-4-smudrbndre-3-nmbr-strk-sngket